কালের কণ্ঠ

তারিখ . . 2. 3. JUL 2015 . . .
পৃষ্ঠা . . ১৬ . কলাম . . ৫ . . . . .

# যশোরে স্কুলেই ছাত্রীকে এসিড মারল বখাটে

নিজস্ব প্রতিবেদক, যশোর ▷

যশোরে প্রেমের প্রস্তাব প্রত্যাখ্যান করায় সপ্তম শ্রেণির এক ছাত্রীকে বিদ্যালয়েই এসিডে ঝলসে দিয়েছে, নবম শ্রেণির এক বখ্যাটে ছাত্র। গতকাল বুধবার দুপুরে শার্শা উপজেলার কায়বা রাইকোলা-মাধ্যমিক বিদ্যালয়ে এ ঘটনা ঘটে। এসিড ছুড়ে মারা শামিম হোসেন ঘটনার পর থেকে পলাতক। শামিমকে আটক করতে তার বাবা খলিলুর রহমানকে থানায় নিয়ে রাখা হয়েছে।

এসিডে আক্রান্ত সুমাইয়া আক্তারকে যশোর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। সুমাইয়া জানায়, শামিম তাকে চার-পাঁচ মাস ধরে প্রেমের প্রস্তাব দিয়ে আসছিল। কিন্তু সে সব সময় তা প্রত্যাখ্যান করেছে। বুধবার স্কুলের বাথরুমে গেলে শামিম সিরিঞ্জ দিয়ে তার পেছন দিক থেকে এসিড ছুড়ে মারে। এতে তার মুখের কিছু অংশ ঝলসে যায়।

হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক আব্দুল্লাহ আল মামুন বলেন, 'মেয়েটি এসিডে আক্রান্ত হয়েছে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। সে এখন আশঙ্কামুক্ত। মুখের সামান্য অংশ ঝলসে গেছে।'

সুমাইয়ার স্বজনরা হাসপাতালে সাংবাদিকদের জানায়, সর্বশেষ ২৭ রমজান বিকেলে শামিম তাদের বাড়ির সামনে সুমাইয়াকে উত্ত্যক্ত করছিল।

তখন সুমাইয়ার বড় ভাই রবিন হোসেন প্রতিবাদ করেন। এতে উভয় পরিবারের মধ্যে গোলযোগের সৃষ্টি হয়। স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা প্রাথমিকভাবে মীমাংসা করে দেন। কিন্তু ঈদের পরে স্কুল খুললে প্রথম দিনেই এ ঘটনা ঘটে।

শার্শা থানার ওসি এনামুল হক বলেন, শামিম বখাটে। এ ঘটনা পুলিশ তদন্ত করছে। শামিমের বাবা খলিলকে আটক করা হয়েছে।